আন্তর্জাতিক লক্ষ্য সমূহ

আমাদের কাছে কেবল একটি গ্রহই আছে।যাওয়ার জন্য আমাদের কাছে আর অন্য কোনো স্থান/জায়গা নেই। যদি আমরা আমাদের সৃজনাত্মক শক্তির সঠিক প্রয়োগ করি, আমাদের দ্বিতীয় স্থানের/জায়গার প্রয়োজন নেই। আমরা যদি এটির ও একে অপরের দেখাশোনা করি, তাহলে আমাদের চাহিদার সমস্ত বস্তুই এখানে মজুদ রয়েছে।

স্যার কেন রবিনসন

লেখক/অধ্যাপক

স্থিতিশীল বিকাশের জন্য আন্তর্জাতিক লক্ষ্যের প্রবর্তন

বিষয়

নাগরিকত্ব, ভূগোল, সামাজিক বিজ্ঞান

শিক্ষার ফলাফল

স্থিতিশীল বিকাশের জন্য আন্তর্জাতিক লক্ষ্যের প্রবর্তনটি কি এবং এটি কেন গুরুত্বপূর্ণ তার এবং এটি কিভাবে শিক্ষার্থীর নিজের / তার সঙ্গে সম্পর্কযুক্ত সেই বিষয়ে শিক্ষার্থীরা ব্যাখ্যা করতে পারেন।

প্রস্তুতি

- যদি সম্ভব হয় আন্তর্জাতিক লক্ষ্যগুলি ক্লাসের সামনে মুদ্রণ এবং প্রদর্শন করুন (পরিশিষ্ট ২ অথবা ৩)।
- নিজের রেফারেন্সের জন্য এবং প্রত্যেক ছাত্রের একটি হ্যান্ডআউট এর জন্য(পরিশিষ্ট ২ অথবা ৩) লক্ষ্যের তালিকার একটি প্রিন্ট আউট বের করুন।
- www.globalgoals.org/worldslargestlesson এর থেকে আন্তর্জাতিক লক্ষ্যের উপর তথ্য ও সংস্থান সংগ্রহ করুন।
- আপনাকে আপনার ছাত্রদের জন্য ছয়টি তথ্য স্টেশন স্থাপন করতে হবে। আন্তর্জাতিক লক্ষ্যের তালিকা প্রস্তাবিত ছয় স্টেশনের গোষ্ঠীর (পরিশিষ্ট 4) সঙ্গে নীচে পাওয়া যেতে পারে। প্রতিটি স্টেশনের জন্য তথ্য পরিকল্পনা করে রাখুন, যাতে ছবি, গ্রাফ , সংক্ষিপ্ত কেস স্টাডিজ, ব্যক্তিগত কাহিনী ইত্যাদি অন্তর্ভুক্ত থাকতে পারে । আপনি www.globalgoals.org/worldslargestlesson এ উপযুক্ত সংস্থান খুঁজে পেতে পারেন।
- এই স্টেশনগুলি ছাত্রদের লক্ষ্য সম্পর্কে আরও অবগত করাতে সক্ষম হবে।
- www.globalgoals.org/worldslargestlesson থেকে আন্তর্জাতিক লক্ষ্যের একটি শিশু-বান্ধব বর্ণনার জন্য দেখুন এবং ডাউনলোড করুন ।

মোট সময়

৬০ মিনিট

বয়সপরি সীমা:

৮-১৪ বৎসর পর্য্যন্ত

স্থিতিশীল বিকাশের জন্য আন্তর্জাতিক লক্ষ্যের প্রবর্তন

শিক্ষার কার্যকলাপ

5 মিনিট

ছাত্ররা যেন রুমে প্রবেশ করলে দেখতে পায় যে নিম্নোক্ত প্রশ্ন প্রদর্শিত রয়েছে - 'আজকের দিনে সারা বিশ্বের মানুষের সামনে সবচেয়ে বড় সমস্যাগুলি কি কি?'

অন্যদের দৃষ্টিকোণ দিয়ে চিন্তা করে মনে বৃহত্তর ছবির কল্পনা করতে ছাত্রদের আরো অধিক অনুপ্রেরণার প্রয়োজন হতে পারে।

বড় মাপের সমস্যাগুলিকে জোড়ায়, ছাত্ররা চেষ্টা ও চিহ্নিত করতে পারে। তারা হয় তাদের ধারণা চর্চা করতে পারে বা লিখতে পারে, কিন্তু গ্রুপের সঙ্গে তা ভাগ করতে তৈরী থাকতে হবে।

বিভেদ এবং বিকল্প

কিছু ছাত্রদের জন্য এটাই ভালো যে প্রথমে তারা নিজস্ব সম্প্রদায় ও দেশের সমস্যা সম্পর্কে চিন্তা করুক এবং তারপর তাদের চিন্তাকে প্রসারিত করে বিশ্বব্যাপী সমস্যাকে অন্তর্ভুক্ত করুক।

ছোট ছোট ছাত্রদের আপনি উপরের তিনটি বা পাঁচটি সমস্যার কথা জিজ্ঞাসা করুন এবং তারাই যেন তাদের দেশের নেতা সেই হিসাবে তাদের কল্পনা করতে বলুন।

অথবা আপনি চাইতে পারেন রুম জুড়ে ছয়টি ফটো লাগাতে (লক্ষ্যের থিম চিত্রিত করে) পারেন। ছাত্রদের বলুন সেগুলি দেখতে, প্রত্যেকটি কোন কোন আন্তর্জাতিক সমস্যা দর্শাচ্ছে তা নির্ধারণ করতে বলুন ও যেটা তারা সবচেয়ে গভীর মনে করে তার পাশে দাঁড়াতে বলুন। কিছু ছাত্রদের তাদের নির্বাচনটির বর্ণনা দিতে বলুন। www.globalgoals.org/worldslargestlesson তে আপনি যথোপযুক্ত ছবি পাবেন।

একবার বর্ণনা শোনা হয়ে গেলে ছাত্রদের যদি তারা প্রবর্তনাজনক যুক্তি শুনে থাকে তাহলে ছাত্রদের অন্য ছবিতে অগ্রসর হতে অনুমতি দিন।

অন্যথায়, পরিশিষ্ট ১ ব্যবহার করুন যেখানে বেশ কিছু সমস্যা তালিকাভুক্ত রয়েছে এবং ছাত্রদের বলুন যেগুলি সবচেয়ে গুরুত্বপূর্ণ সেগুলিকে হাইলাইট করতে। যদি ছাত্রদের নিজেদের জীবন-অনুভূত প্রাসঙ্গিকতার কোনো ভিন্ন স্তর থাকে, তাহলে এটা সম্প্রদায়/দেশ ও বিশ্বস্তরে করা যায় ।

শিক্ষার কার্যকলাপ

5 মিনিট

ছাত্ররা কয়টা সমস্যা চিহ্নিত করেছে? আন্তর্জাতিক লক্ষের সাথে তাদের তালিকাটি তুলনা করুন, যা তাদের ক্লাসের সম্মুখে প্রদর্শিত বা বিলিপত্র হিসাবে দেওয়া হয়েছে (পরিশিষ্ট 2 অথবা 3)। যেগুলি মিলে যাবে, সেগুলিকে হাইলাইট করুন।

কেন কিছু সমস্যা অন্তর্ভুক্ত করা হয় নি সেই সম্পর্কে একটি বিস্তৃত আলোচনা করা যেতে পারে।

এমন কোন লক্ষ্য কি আদৌ রয়ে গেছে যা কেউ চিহ্নিত করেনি? যদি তাই হয়, কেন সেগুলিকে অন্তর্ভুক্ত করা হয়েছে?

আন্তর্জাতিক লক্ষ্যগুলি বুঝুন

10 মিনিট

ছাত্রেরা স্যার কেন রবিনসনের অ্যানিমেশন বড় পর্দায় ও কম্পিউটারের পর্দায় দেখুক, বা জোট বেঁধে একটি মোবাইল ফোনে www.globalgoals.org/worldslargestlesson এ দেখুক। www.globalgoals.org/worldslargestlesson এর থেকে মোবাইল ফোন বা ট্যাবলেট এর প্রতিটি ফ্রেমের মধ্য দিয়ে স্ক্রোল করে ছাত্রেরা কমিক বইও পড়তে পারে।

শিক্ষামূলক কার্যকলাপ

25 মিনিট

কেন এই সমস্যাগুলি এত গুরুতর? ছাত্ররা তাদের জ্ঞান ও বিচারবুদ্ধি প্রসারিত করতে রুমের চারপাশের ছয়টি স্টেশন ভিজিট করুক।

- ছাত্রদের লক্ষ্য সম্পর্কে আরো অবগত করাতে সক্ষম হওয়ার জন্য আপনাকে তথ্য এবং সংস্থান সহ ছয়টি স্টেশনের ব্যাখ্যা করতে হবে। প্রতিটি স্টেশনের জন্য প্রস্তাবিত থিম এবং আন্তর্জাতিক লক্ষ্যগুলি পরিশিষ্ট ৫ এর তালিকায় অন্তর্ভুক্ত হবে।
- প্রতিটি স্টেশনের জন্য আপনার অতিরিক্ত তথ্যের প্রয়োজন হবে, যাতে ছবি, গ্রাফ, সংক্ষিপ্ত কেস স্টাডিজ, ব্যক্তিগত কাহিনী ইত্যাদি অন্তর্ভুক্ত থাকতে পারে। আপনি www.globalgoals.org/worldslargestlesson এ উপযুক্ত সংস্থান খুঁজে পেতে পারেন।
- লক্ষ্য সম্পর্কে আরও তথ্য সংগ্রহ করার জন্য গ্রুপ করে ছাত্ররা প্রতিটি স্টেশন পরিদর্শন করবে। তাদের কাছে প্রতিটি স্টেশনের জন্য শুধুমাত্র চার মিনিট সময় রয়েছে, তাই কখন তারা এগিয়ে যাবে সেই বিষয়ে তাদের সংকেত দিতে হবে।
- প্রতিটি স্টেশনে থাকাকালীন ছাত্রদের বিস্মিত করেছে এমন ধরণের অন্ততপক্ষে একটি করে তথ্য ছাত্রদের লিখতে হবে। আরো বিস্তারিত জানতে চেয়ে এবং ভবিষ্যতের অনুশীলনীতে বা বাড়িতে অনুসন্ধান করা করা যেতে পারে এমন ধরণের প্রতিটি স্টেশনের জন্য প্রশ্ন ছাত্ররা করতে পারে।

বিভেদ এবং বিকল্প

- বিকল্প হিসাবে, ছাত্রদের কাছে একটি প্রশ্ন পত্র থাকতে পারে যাতে তারা প্রতিটি স্টেশনের উত্তর খুঁজে বের করতে পারে। প্রশ্ন প্রতিটি থিমের জন্য নির্বাচিত রিসোর্সের উপর নির্ভর করবে।
- যদি সময়, স্থান বা সংস্থান সীমিত হয়, তাহলে আপনি কিছু সমস্যার, সংক্ষিপ্ত বিবরণ দিয়ে ছাত্রদের একটি করে শীট দিতে পারেন যাতে লক্ষ্যগুলি পরিবর্তন করার আশা রাখে। ছাত্ররা তা পড়ুক এবং লক্ষ্যগুলির কোনটি তাদের প্রতিটি সমস্যার মোকাবিলা করতে সাহায্য করবে সে বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করুক।

শিক্ষার কার্য্যকলাপ

10 মিনিট

কোন লক্ষ্যটা ছাত্রদের জন্য সবচাইতে গুরুত্বপূর্ণ, সেটা ছাত্ররাই নির্ধারণ করুক এবং কেন, ও কিভাবে এই লক্ষ্যটি অন্য লক্ষ্যের সঙ্গে সংযুক্ত, এবং তাদের নির্বাচনের বর্ণনা দিয়ে একটি অনুচ্ছেদ লিখুক। তাদের ছয় সমস্যা স্টেশন থেকে আগে সংগৃহীত তথ্যের উল্লেখ করতে হবে।

পার্থক্য এবং বিকল্প

সময় সীমিত হলে, এটি একটি হোমওয়ার্ক হতে পারে।

ছাত্রেরা পরিশিষ্ট ২ অথবা ৩ এর সাহায্যে লক্ষ্যগুলিকে কেটে ও ছেঁটে, তাদের ক্রমানুসারে সাজাতে পারে ও সবচেয়ে গুরুত্বপুর্ণ লক্ষ্যটির বিষয়ে সিদ্ধান্ত নিতে পারে। লক্ষ্য ও তাদের মধ্যে কি সম্পর্ক এবং একে অপরের প্রতি কতদূর নির্ভর তা দর্শিয়ে একটি নকশা তৈরী করতে পারে, উদাহরণ স্বরুপে তীরচিহ্ন ব্যবহার করে বা সংযোগটি অন্যান্য সৃজনশীল উপায়ে দেখিয়ে অনুপ্রাণিত করতে পারা যায়।

শিক্ষার কার্যকলাপ

5 মিনিট

অনুশীলনী শেষ করার জন্য, ছাত্ররা বাক্য সম্পূর্ণ করুক। “আন্তর্জাতিক লক্ষ্যগুলির গুরুত্বপূর্ণ কারণ...” আপনি একটি “বিজয়ী” বাক্য মনোনীত করুন এবং শব্দের পরিমাণ সীমিত রাখুন। ছাত্রদের সংবাদপত্রের শিরোনাম ব্যবহারের অনুমোদন রয়েছে বা তারা টুইট করতে পারে @TheGlobalGoals #largestlesson তে।

প্রকল্প অনুসরণ করুন: ভিজিট করুন www.dfcworld.com ও শেয়ার করুন কিছু পরিবর্তনের গল্প যা শিশুরা সৃষ্টি করেছে। FIDS মডেল ব্যবহার করে আপনার কমিউনিটিতে পরিবর্তন করার জন্য আপনার নিজস্ব গ্রুপ প্রকল্পের উদ্যোগ গ্রহণ করুন এবং তারপর আপনার সাফল্য শেয়ার করুন www.dfcworld.com তে।

আন্তর্জাতিক লক্ষ্যগুলির সাথে সম্পর্কিত বিষয়ে অধ্যাপনার জন্য আরো সংস্থান।

দানপ্রাপ্ত অধ্যাপনার সংস্থান, স্থানীয় প্রতিষ্ঠান এবং প্রকাশকদের জন্য গ্লোবাল ডাইমেনসন ওয়েবসাইট ভিজিট করুন: www.globaldimension.org.uk।

অনুশীলনী ক্রিয়াকলাপ এবং দারিদ্র্যসীমার নীচে বসবাসকারী শিশুদের পটভূমির উপর তথ্যের জন্য, ইউনিসেফ এর স্কুল পেজে যান: http://teachunicef.org।

পরিশিষ্ট ১

জনগণ আজকাল যে সকল সমস্যার সম্মুখীন (প্রয়োজন সাপেক্ষে প্রম্পট হিসাবে ব্যবহৃত)।

- দরিদ্রতা
- বিভিন্ন রাষ্ট্রের মধ্যে স্থিত বৈষম্য
- ক্ষুধা
- খারাপ স্বাস্থ্য ও রোগ
- দুষিত জল
- পয়ঃনিষ্কাশনের অভাব
- খারাপ শিক্ষাব্যবস্থা – কিছু শিশু স্কুলে যেতে অক্ষম
- কম বেতন ও যথেষ্ঠ পরিমানে চাকুরির অভাব
- নিম্ন অর্থনৈতিক প্রবৃদ্ধি - দেশগুলি তাদের জনগণের সকল প্রয়োজন পূরণের জন্য অর্থ প্রদান করতে পারার মত যথেষ্ট উপার্জন করেনা
- লিঙ্গ বৈষম্য - পুরুষ ও মহিলার সঙ্গে ভিন্নভাবে ব্যবহার করা হয় এবং তাদের সমসুযোগ প্রদান করা হয় না
- যুদ্ধ, লড়াই এবং অস্থিরতা
- জনগনের মধ্যে নিরাপত্তার অভাব
- জনসাধারণের মধ্যে হিংস্রতা
- দুর্নীতি ও অবিচার
- মানবাধিকারের প্রতি অসম্মান
- দেশসমূহ কখনো একত্রে কাজ করেনা বা কোনো বিষয়ে একমত হয় না
- সকলের স্বাচ্ছন্দ্যপূর্ণ জীবনের জন্য পর্যাপ্ত শক্তি মজুদ না থাকা
- দুর্বল পরিকাঠামো, খারাপ প্রযুক্তি এবং যোগাযোগ ব্যবস্থা
- অসুরক্ষিত শহর ও নগর
- অস্থিতিশীল শহর যা বিশ্বের উৎপাদনের বেশী ভোগ করে
- প্রাকৃতিক সম্পদের খুব বেশী অপচয় এবং যথেষ্ট পুনর্ব্যবহারের অভাব
- জলবায়ু পরিবর্তন
- দূষিত সাগর ও মহাসাগর
- ক্ষতিগ্রস্ত আবাসস্থল
- আমরা প্রযুক্তি, দামী মোবাইল ফোন, কম্পিউটার ইত্যাদিতে সীমাবদ্ধ থাকি
- পর্যাপ্ত নিরাপত্তা পাচ্ছে বলে জনগণ মনে করে না।
- জনসংখ্যা বৃদ্ধি
- স্থূলতা
- বর্ণবাদ
- সম্প্রদায়ের ভাঙ্গন

THE GLOBAL GOALS

দীর্ঘস্থায়ী উন্নয়নের জন্য বিশ্বজনীন লক্ষ্যগুলি

আন্তর্জাতিক লক্ষ্য - একটি নিম্ন রেজল্যুশন যুক্ত মুদ্রণ সংস্করণ

1 NO POVERTY	2 NO HUNGER	3 GOOD HEALTH	4 QUALITY EDUCATION	5 GENDER EQUALITY	6 CLEAN WATER AND SANITATION
7 RENEWABLE ENERGY	8 GOOD JOBS AND ECONOMIC GROWTH	9 INNOVATION AND INFRASTRUCTURE	10 REDUCED INEQUALITIES	11 SUSTAINABLE CITIES AND COMMUNITIES	12 RESPONSIBLE CONSUMPTION
13 PROTECT THE PLANET	14 LIFE BELOW WATER	15 LIFE ON LAND	16 PEACE AND JUSTICE	17 PARTNERSHIPS FOR THE GOALS	THE GLOBAL GOALS

আন্তর্জাতিক লক্ষ্যের থিমের বিশ্লেষণ

স্টেশনের নাম	অন্তর্ভুক্ত লক্ষ্য
দারিদ্র্য/দরিদ্রতা	১, দারিদ্র্য ১০, হ্রাসপ্রাপ্ত বৈষম্য
স্বাস্থ্য ও ভালোথাকা	২, ক্ষুধা রহিত ৩, সুস্বাস্থ্য ৬, স্বচ্ছ জল ও পয়ঃনিষ্কাশন
শিক্ষা, দক্ষতা এবং চাকুরী	৪,উন্নতমানের শিক্ষা ৮,ভালো চাকরি এবং অর্থনৈতিক প্রবৃদ্ধি
এক নিরাপদ এবং সুন্দর পৃথিবী	৫, লিঙ্গ সমতা ১৬, শান্তি ও ন্যায়বিচার
স্থায়িত্ব	৭, পুনর্নবীকরণযোগ্য শক্তি ৯, উদ্ভাবন এবং পরিকাঠামো ১১, স্থিতিশীল শহর ও সম্প্রদায় ১২, দায়িত্বপূর্ণ খরচ ১৭, লক্ষ্যের জন্য অংশীদারী
পরিবেশ	১৩, গ্রহকে সুরক্ষিত করা ১৪, জলের নীচের জীবন ১৫, ভূমির উপরের জীবন